

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## পরিবহন বিষয়ক জরুরি বিজ্ঞপ্তি

পণ্যবাহি যানবাহনে যাত্রী পরিবহন করলে কঠোর আইনগত ব্যবস্থা

ঢাকা, বৃহস্পতিবার, ২১ মে ২০২০ খ্রি.

দেশব্যাপী সড়ক মহাসড়কে পণ্যবাহি যানবাহনে যাত্রী পরিবহন করা যাবে না মর্মে নিষেধাজ্ঞা স্বত্ত্বেও কোনো কোনো পণ্যবাহি যানবাহন কৌশলে যাত্রী পরিবহন করছে যা সরকারী আদেশ অমান্যের সামিল এবং সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

যে সকল পণ্যবাহি যানবাহন যাত্রী পরিবহন করবে তাদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ আজ এ সিদ্ধান্ত জানিয়েছে।

উল্লেখ্য, সাধারণ ছুটির ধারাবাহিকতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সম্প্রতি এক আদেশে গণপরিবহন বন্ধের সিদ্ধান্ত ৩০মে পর্যন্ত বর্ধিত করে এবং পণ্যবাহি যানবাহনে যাত্রী পরিবহন করা যাবেনা মর্মে নিষেধাজ্ঞা আরোপ করে।

স্বাক্ষরিত/-

মো. আবু নাছের

উপপ্রধান তথ্য অফিসার

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ